

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালক এর কার্যালয়  
সংগ্রহ শাখা  
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.২২.০১৫.২২-৬২


তারিখঃ ৬২.০১.২০২৩

বিষয়ঃ ই-জিপি সিস্টেমে উন্মুক্ত প্রতিযোগিতায় একক দরপত্র বা একক মূল্যায়িত দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন/অগ্রায়নপ্রসঙ্গে।

বাংলাদেশ রেলওয়ের অধীনস্থ বিভিন্ন বিভাগ/দপ্তর/শাখায় সরকারি আইন ও বিধি-বিধানের আলোকে e-GP সিস্টেমের আওতায় দরপত্র আহ্বান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ করা হচ্ছে। এক্ষেত্রে অধীনস্থ বিভিন্ন বিভাগ/দপ্তর/শাখা হতে মাঝে-মাঝে একক দরপত্র ও একক মূল্যায়িত দরপত্রের সুপারিশ অনুমোদন বা উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ন করার বিষয়টি পরিলক্ষিত হচ্ছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৯৮-তে একক দরপত্র বা একক মূল্যায়িত দরপত্রে মূল্যায়ন প্রতিবেদন অগ্রায়নের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে এবং প্রতিযোগিতার ঘাটতি বিবেচনায় একক দরপত্র নিরুৎসাহিত করা হয়েছে বলে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, একক দরপত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭-তে বর্ণিত বিষয়াদি সঠিকভাবে পরিপালিত হয়েছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট ক্রয়কারীর সুস্পষ্ট মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে e-GP সিস্টেমের মাধ্যমে আহ্বানকৃত দরপত্রসমূহের মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত ও সুপারিশ অগ্রায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটি ও ক্রয়কারী কর্তৃক যথাযথ যৌক্তিকতা উল্লেখ করার প্রয়োজনীয়তা রয়েছে। অত্যাৱশক ও যথেষ্ট যৌক্তিকতা না থাকলে একক দরপত্রের মূল্যায়ন সুপারিশ অনুমোদন বা যথাযথ কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ন করা হবে না।

বর্ণিতাবস্থায়, e-GP সিস্টেমের আওতায় আহ্বানকৃত দরপত্রসমূহের মধ্যে একক দরপত্র বা একক মূল্যায়িত দরপত্রের সুপারিশে মূল্যায়ন কমিটি ও ক্রয়কারী কর্তৃক যথাযথ যৌক্তিকতা উল্লেখ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
(মু: ইরফানুল ইসলাম)  
উপ-পরিচালক/সংগ্রহ


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতি. মহাপরিচালক (আই/আরএস/উন্নয়ন/অর্থ/এমএন্ডসিপি/অপা.), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক/রেলওয়ে কর্মচারী কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ রেলওয়ে, ফুলবাড়িয়া, ঢাকা।
- ৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
- ৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (সকল প্রকল্প পরিচালককে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)
- ৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

অনুলিপি: সদয়অবগতিরজন্য প্রেরণকরা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

সি.এস.টিই (টেলিকম) এর দপ্তর	
অতিরিক্ত সি.এস.টিই (টেলিকম)	
সি.এস.টিই (টেলিকম) সদর	
ডি.সি (টেলিকম)	
ডি.সি (সিগস), এডি (আইটি)	
এস.এস.টিই/হাউসিং/জেনারেল	
ডায়েরী নং ২০৭৩	তারিখঃ ২/২/২৩

  
(মু: ইরফানুল ইসলাম)  
উপ-পরিচালক/সংগ্রহ